

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

web: www.rdodtekhulna.gov.bd
Email: rdokhulna@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুলবিঃ/ ১৪৭৫

তারিখ : ২০/১০/২০১৯ খ্রিঃ

প্রাপক,
প্রধান শিক্ষক,
সলিমুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়,
কালিগঞ্জ, বিনাইদহ।

বিষয় : পূর্ণ সতর্কীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা হতে আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন অসংগতির ব্যাখ্যা চেয়ে স্মারক নং- ১৪১৬, তারিখ : ১৯/০৯/২০১৯খ্রিঃ মোতাবেক একটি পত্র ইস্যু করা হয়। আপনার প্রদত্ত জবাবের ২নং ব্যাখ্যা সন্তোষজনক ছিলনা। লক মেশিন, ফ্যাশনমেকার, জিগজাগ মেশিন, সিংগেল সিচ ইন্ডাস্ট্রিয়াল মেশিন, ইলেকট্রিক সুইং মেশিন স্থানীয় ভাবে ১০ কার্যদিবসের মধ্যে মেরামত করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছিল। আপনাকে দেওয়া সতর্কীকরণ নোটিশের জবাবে আপনি জানিয়েছেন লক মেশিন, ফ্যাশনমেকার, জিগজাগ মেশিন, সিংগেল সিচ ইন্ডাস্ট্রিয়াল মেশিন এখনও মেরামত করা হয়নি। এটা অত্যন্ত দুঃখজনক এবং অনাকাঙ্ক্ষিত। উক্ত যন্ত্রপাতি সচল করার জন্য আপনাকে পুনরায় ১০দিন সময় দেওয়া হলো। উক্ত সময়ে যন্ত্রপাতি সচল করে অত্র দপ্তরকে অবহিত করবেন। ব্যর্থ হলে আপনার প্রতিষ্ঠানের এমপিও বাতিলের জন্য সুপারিশ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

- স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুল বিঃ/ ১৪৭৫(৬)
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
- ১। পরিচালক (পিআইডব্লিউ /ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
 - ২। উপ-পরিচালক (মাউশি), খুলনা অঞ্চল।
 - ৩। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
 - ৪। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), বিনাইদহ।
 - ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, বিনাইদহ।
 - ৬। সংরক্ষণ নথি।

স্বঃ
(অনিমেশ পাল)
আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
তারিখ : ২০/১০/২০১৯ খ্রিঃ

(অনিমেশ পাল)
আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
২০/১০/১৯